



নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়


নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-১)-৩৬

তারিখ: ০৫ মাঘ ১৪২৮  
১৯ জানুয়ারি ২০২২

**বিষয়: পটুয়াখালী জেলার বাউফল পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে প্রিজাইডিং অফিসারগণ কর্তৃক ডাকযোগে ভোটগণনার হিসাব বিবরণীর কপি প্রেরণের সুবিধার্থে সংশ্লিষ্ট ডাকঘরসমূহ খোলা রাখা**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ৩১ জানুয়ারি ২০২২ তারিখ সোমবার পটুয়াখালী জেলার বাউফল পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে নিয়োজিত প্রিজাইডিং অফিসারগণ ভোটগণনার বিবরণীর একটি কপি ডাকযোগে সরাসরি সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবর প্রেরণ করবেন (প্রজ্ঞাপন সংযুক্ত)। উক্ত ভোটগণনার বিবরণী প্রেরণের জন্য নির্ধারিত খামের নমুনা এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য যে, ভোটগণনার বিবরণী যথাযথভাবে নির্বাচন কমিশনে পৌঁছানোর জন্য প্রিজাইডিং অফিসার অগ্রিম ডাকমাশুল পরিশোধ না করে নিকটবর্তী যে কোন ডাকঘর হতে বীমাকৃত ডাকযোগে অথবা প্রাপ্তিস্বীকার রেজিস্টার্ড (Registered with A/D) ডাকযোগে প্রেরণ করবেন। **প্রিজাইডিং অফিসার সংশ্লিষ্ট পোস্ট অফিস হতে অবশ্যই প্রাপ্তি স্বীকার গ্রহণ করবেন।** এমনকি ভোটগ্রহণের পরের দিনও উল্লিখিত খামে প্রাপ্ত ভোটগণনার বিবরণী একই পদ্ধতিতে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে। ডাকমাশুল বাবদ প্রাপ্য বিল প্রাপ্তির পর নির্বাচন কমিশন সচিবালয়ের নির্ধারিত খাত হতে ডাক বিভাগ-কে পরিশোধ করা হবে।

০২। বর্ণিতাবস্থায়, প্রিজাইডিং অফিসারগণ যাতে অগ্রিম ডাক মাশুল পরিশোধ না করে নিকটবর্তী যে কোন ডাকঘর হতে ভোটগণনার বিবরণী **বীমাকৃত ডাকযোগে** অথবা **প্রাপ্তি স্বীকার রেজিস্টার্ড ডাকযোগে** (Registered with A/D) সরাসরি সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবর প্রেরণ করতে পারেন, সে লক্ষ্যে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসে অর্থাৎ **৩১ জানুয়ারি ২০২২ তারিখ সোমবার** বিকাল ৫.০০ টা হতে প্রয়োজনে সারা রাত ও পরের দিন সকাল পর্যন্ত সংশ্লিষ্ট ডাকঘরসমূহ খোলা রেখে ডাকযোগে প্রেরিত ফলাফল বিবরণী জরুরি ভিত্তিতে নির্বাচন কমিশনে প্রেরণের নিশ্চয়তা বিধানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব  
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা  
ফোন: ০২-৫৫০০৭৫২৫  
E-mail: sasemc1@gmail.com

**মহাপরিচালক**

বাংলাদেশ ডাক বিভাগ  
ঢাকা

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-১)-৩৬

তারিখ: ০৫ মাঘ ১৪২৮  
১৯ জানুয়ারি ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ..... (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)

অফিসের ঠিকানা:


নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ:

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল: secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস: www.ecs.gov.bd

৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ..... (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৭. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, বরিশাল
১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ
১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধসহ]
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, পটুয়াখালী
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
১৮. পুলিশ সুপার, পটুয়াখালী
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, পটুয়াখালী ও রিটার্নিং অফিসার
২০. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পটুয়াখালী
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. উপজেলা নির্বাচন অফিসার, বাউফল, পটুয়াখালী ও সহকারী রিটার্নিং অফিসার
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাউফল থানা, পটুয়াখালী।

  
 (মোহাম্মদ মোরশেদ আলম)  
 সিনিয়র সহকারী সচিব  
 নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা  
 ফোন: ০২-৫৫০০৭৬১০  
 E-mail: sasemc1@gmail.com